



WEST BENGAL STATE UNIVERSITY  
B.A. Honours 6th Semester Examination, 2023

BNGADSE05T-BENGALI (DSE3/4)

বাংলা কথাসাহিত্য : মন্বন্তর, দাস্তা ও দেশভাগ

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাঙ্গিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

বিভাগ-ক

- ১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও:  
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

১০×৪ = ৪০

একক-১

- (ক) দেশভাগ-এর যজ্ঞাণা ও বিপন্নতার কথকতা হয়ে উঠেছে এমন কয়েকটি বাংলা উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা

- (খ) ছেচল্লিশের দাস্তা-রাজনীতির ঝাঁজিক অধ্যায় বাংলা ছোটোগল্পের জগৎকে কতটা প্রভাবিত করেছে, নির্বাচিত কয়েকটি গল্প অনুসরণে তা নির্দেশ করো। ১০

একক-২

- (গ) গ্রামীণ কৌম সমাজে মন্বন্তরের বাস্তবতা এবং সম্ভাব্য ভয়াবহতার ইঙ্গিত বিভূতিভূষণের 'অশনি-সংকেত' উপন্যাসকে বিশেষ সময়-চিহ্নিত করেছে — আলোচনা করো। ১০

অথবা

- (ঘ) 'অশনি-সংকেত' উপন্যাসে দুর্ভিক্ষের কালিমার বিপরীতে বিরাজ করছে অনঙ্গ বৌ-এর অস্তরের মমতা ও ঔদার্যের শ্বেতশুভ্র মহিমা — আলোচনা করো। ১০

একক-৩

- (ঙ) দেশভাগ-এর বাস্তব-ব্যথিত আখ্যান হিসেবে 'আগুনপাখি' উপন্যাস কতখানি সার্থক তা' বিশ্লেষণ করো। ১০

অথবা

- (চ) 'আগুনপাখি' নামকরণের মধ্যে নিহিত আছে রাষ্ট্রিক বিপর্যয়, রাজনৈতিক দহনকে আত্মলীন করে নেওয়ার এক অলৌকিক প্রায় সামর্থ্য। — আলোচনা করো। ১০

## একক-৪

- (ছ) দেশভাগ আর স্বাধীনতার সন্ধিক্ষণে ধূর্ত মুখোশধারী দেশভক্তের অসং অভিপ্রায় সতীনাথ ভাদুড়ির 'গণনায়ক' গল্পে কীভাবে বিধৃত হয়েছে তার পরিচয় দাও। ১০

## অথবা

- (জ) যুদ্ধ ও দুর্ভিক্ষের অভিঘাত, বিবেকহীন ধনতন্ত্রের নির্দয়তা এবং শেষত 'মন্ত্র'-সিদ্ধ অস্ত্রে সমাজ পরিবর্তনের প্রত্যাশা 'হাড়' গল্পকে স্বাতন্ত্র্য-চিহ্নিত করেছে। — আলোচনা করো। ১০

## বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০
- (ক) মঘস্তরের প্রেক্ষাপটে লেখা একটি ছোটগল্পের শিল্প কুশলতার পরিচয় দাও। ৫
- (খ) 'ক্যামন স্বভাব ছেল তার। ইটখোলার সেই এক ব্যাটার সঙ্গে — তুমি সতীনক্ষি, সে সব তোমার সঙ্গে বলব না।' — বক্তা কে? কার সম্পর্কে তার এই উক্তি? প্রশ্ন উল্লেখ করে এই বিগতগামিতার কারণ নির্দেশ করো। ১+১+৩
- (গ) 'ঐ লোভ আমাকে তুমি আর দেখিয়ে না। চারাগাছ এক জায়গা থেকে আর জায়গায় লাগাইলে হয়, এক দ্যাশ থেকে আর দ্যাশে লাগাইলেও বোধায় হয়, কিন্তু গাছ বড়িয়ে গেলে আর কিছুতেই ভিন্ মাটিতে বাঁচে না।' — কোন্ প্রশ্নে এই বক্তব্যের অবতারণা? বক্তব্যটির নিহিতার্থ পরিশ্রুট করো। ২+৩
- (ঘ) 'এসেছেন আপনি — আর সময় নেই — আমি মুসলমান — কিরণ নয় — সামের — কি হবে? কি হবে? — কে প্রায়শ্চিত্ত করবে? — ওদের মার্জনা — বুঝছে না কেন ওরা?' — কোন্ গল্পের অংশ? কোন্ প্রেক্ষাপটে কিসের প্রায়শ্চিত্ত সংক্ষেপে বুঝিয়ে লেখো। ১+১+৩

—x—